

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৩.২০২০. ৩৪৬

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯  
৩০ জুন ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব ফওজিয়া (৬৩১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যাপক-দর্শন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রাক্তন অধ্যক্ষ, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা) এর বিরুদ্ধে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের প্রশাসনিক কর্মকর্তা পদে নিয়োগ পরীক্ষার খাতা মূল্যায়নের সময় তার কর্তৃক কৃত অনিয়মের অভিযোগে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তাকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানো হয় এবং তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করেন, এবং গত ২৭/০৬/২০২১ খ্রিস্টাব্দে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়, এবং জবাব ও শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন, এবং উক্ত প্রতিবেদন মতে জনাব ফওজিয়া এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি;

সেহেতু, তদন্তকারী কর্মকর্তার মতামতের পরিপ্রেক্ষিতে জনাব ফওজিয়া (৬৩১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যাপক-দর্শন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,  
স্বাক্ষরিত/-  
তারিখ: ২৯/০৬/২০২২  
(মোঃ আবু বকর ছিদ্দীক)  
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৩.২০২০. ৩৪৬/০(৭)

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯  
৩০ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব ফওজিয়া এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ -----।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৭। জনাব ফওজিয়া (৬৩১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যাপক-দর্শন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

  
(চৌধুরী সামিয়া ইয়াসমীন)  
উপসচিব  
ফোন: ২২২৩৩৫৪২৬৫